

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর।
hajiganj.chandpur.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৩৪৯.০০০.১৯.০০৩.২৩-৪৬২

তারিখ: ১৯/০৭/২০২৩ খ্রি।

নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ খ্রি. অনুযায়ী চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য অত্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।


ক্র:নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১(এক)	১৫,০০০/- (পনেরো হাজার) টাকা	ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব মুফতি বা মুয়াজ্জিন হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১(এক)	১০,০০০/- (দশ হাজার) টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। হাফেজ-ই-কোরআন ইলমে কিরাত এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদিম	০২ (দুই)	৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদেম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
 - পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।
 - সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
 - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

H

- চ. আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর বরাবর আগামী ৩০/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টরূপে লিখতে হবে।
- ৪) কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৫) প্রার্থীকে নির্বাচনী পরিক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ৬) কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭) যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে পরিলক্ষিত হবে।
- ৮) আবেদন যাচাই বাছাই ০৮/০৮/২০২৩ খ্রি. থেকে ১০/০৮/২০২৩ খ্রি.
- ৯) যাচাই বাছাই পর তালিকাভুক্তদের তালিকা প্রকাশ ১৭/০৮/২০২৩ খ্রি. (উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর এর ওয়েব সাইট www.hajiganj.chandpur.gov.bd, উপজেলা নির্বাহী অফিসের নোটিশ বোর্ড, ইসলামিক ফাউন্ডেশন এর নোটিশ বোর্ড ও উপজেলা প্রশাসনের ফেইজ বুক পেজ তালিকা পাওয়া যাবে)।
- ১০) পরীক্ষা ২১/০৮/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।
- ১১) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।



(মোঃ রাশেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর

ও

সভাপতি


হাজীগঞ্জ উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক
সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং: ০৫.৪২.১৩৪৯.০০০.১৯.০০৩.২৩-৪৬২

তারিখ : ১৯/০৭/২০২৩ খ্রি.।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে :

- ০১। জেলা প্রশাসক, চাঁদপুর।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
০৩। মেয়র, হাজীগঞ্জ পৌরসভা, চাঁদপুর।
০৪। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁদপুর।
০৫। উপজেলা অফিসার (সকল) হাজীগঞ্জ, চাঁদপুর।
০৬। চেয়ারম্যান,.....(সকল) ইউনিয়ন পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।



উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর।